DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Aug 2026, 10:00 PM

সারাদেশ

# বিশ্ব পানিতে ডুবা প্রতিরোধ দিবসে কলাপাড়ায় আলোচনা সভা

প্রতিবেদক: পটুয়াখালী প্রতিনিধি
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৪ আগস্ট ২০২৬, ০৪:৫০ PM




ছবি পটুয়াখালী প্রতিনিধি

আসুন, সবাই মিলে পানিতে ডুবে মৃত্যুর স্রোত থামাই প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব পানিতে ডুবা প্রতিরোধ দিবস উপলক্ষে পটুয়াখালীর কলাপাড়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৪ আগস্ট) দুপুর ১টায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আরিফুজ্জামান।

সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি)-এর উদ্যোগে এবং সোনামনি প্রকল্পের আয়োজনে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিআইপিআরবির গবেষণা ব্যবস্থাপক নোটন চন্দ্র দত্ত।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোকছেদুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহিরুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা আক্তার এবং কলাপাড়া থানার উপপরিদর্শক (এসআই) জাকির হোসেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, পানিতে ডুবে শিশু মৃত্যুর হার কমাতে অভিভাবকদের সচেতনতার পাশাপাশি শিশুদের সাঁতার শেখাতে উদ্বুদ্ধ করতে হবে। তারা বলেন, অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি পেলে পানিতে ডুবে শিশুমৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব।

বক্তারা আরও বলেন, দেশে পানিতে ডুবে শিশু মৃত্যুর ঘটনা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। বিশেষ করে উপকূলীয় গ্রামাঞ্চলে এ ধরনের দুর্ঘটনা বেশি ঘটছে। এ মৃত্যুহার কমাতে কলাপাড়ায় সোনামনি প্রকল্প বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে।

অনুষ্ঠানে সরকারি ও বেসরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, অভিভাবক এবং বিভিন্ন পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



**ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো**

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bishb-panite-duba-prtirodh-dibse-klaparay-alochna-sbha